গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
ফরিদপুর।

ফোন নম্বর ঃ ০২৪৭৮৮-০৩০২৬; ই-মেইল: faridpur@cs.dghs.gov.bd; ওয়েব সাইট: cs.faridpur.gov.bd

স্মারক নং-সিএসএফ/প্রশাসন/১১-২০ গ্রেড জনবল নিয়োগ/২০২৫/ ৩২৭ তারিখঃ ১০/০২/২০২৫ খ্রি.

# ''নিয়োগ বিজ্ঞপ্তি''

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ এর স্মারক নং ৪৫.০০.০০০.১৪০.১১.০০৩.২৩-১৭২; তারিখঃ ২৬/০১/২০২৫খি মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুর ও তাঁর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে (http://csfaridpur.teletalk.com.bd) ওয়েব সাইটে অনলাইন এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম<br>গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১ (এক) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ শব্দ বাংলায় ৪৫;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দ বাংলায় ২৫;<br>ঙ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; | প্রার্থীগনকে ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।<br><br>স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে একই ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ডের প্রার্থীদের নির্বাচন করা হবে।<br><br>স্বাস্থ্য সহকারীর শুন্যপদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে। |
| ০২। | পরিসংখ্যানবিদ<br>গ্রেড -১৪ (১০২০০-২৪৬৮০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৪ (চার) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা। | |
| ০৩। | কোল্ড চেইন টেকনিশিয়ান<br>গ্রেড -১৫ (৯৭০০-২৩৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হতে রেফ্রিজারেশন বা এয়ার-কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪। | স্বাস্থ্য সহকারী<br>গ্রেড -১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১০৪ (একশত চার) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৫। | স্টোর কিপার<br>গ্রেড -১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৫ (পাঁচ) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) স্টোর কিপার নিয়োগের জন্য চূড়ান্ত বিবেচিত হলে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৬। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড -১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৭ (সাত) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার-প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২০ শব্দ থাকতে হবে। | |
| ০৭। | ওয়ার্ড মাস্টার<br>গ্রেড -১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৮। | গাড়ী চালক<br>গ্রেড -১৫ (৯৭০০-২৩৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১ (এক) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>খ) গাড়ী চালনায় ভারী/হালকা যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবে। | |
| | গ্রেড -১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৪ (চার) | | |
| ০৯। | ল্যাব এ্যাটেনডেন্ট<br>গ্রেড -১৯ (৮৫০০-২০৫৭০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১ (এক) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ-**

| | | |
|---|---|---|
| ০১ | | প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে। |
| ০২ | | প্রার্থীর বয়স ০৪ মার্চ ২০২৫ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। |
| ০৩ | | সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ০৪ | | নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসমূহের পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে। |
| ০৫ | | স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং স্বাঃ অধিঃ/ প্রশা-২/৩য় শ্রেণি নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪; তারিখঃ ১১/১২/২০১৮ খ্রি.-তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, স্টোর কিপার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিসংখ্যানবিদ, স্বাস্থ্য সহকারী, ওয়ার্ড মাস্টার পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী গননাযোগ্য হবে। তারা বর্তমানে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে এবং সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুরের স্মারক নং-সিএসএফ/ প্রশাসন/ ১১-২০ গ্রেড কর্মচারী নিয়োগ/২০২৪/৬৪৬ তারিখ ২৫/০৩/২০২৪ খ্রি.তারিখের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা পূর্বে আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে এবং তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। |
| ০৬ | | গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগবিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হবেন। |
| ০৭ | | সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ করে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC) এর মূল কপি জমা দিতে হবে। |
| ০৮ | | স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ডের নম্বর অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শুন্য পদের ওয়ার্ডের বাসিন্দাকে যোগ্য প্রার্থী হিসেবে পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসাবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে। |
| ০৯ | | স্বাস্থ্য সহকারীর শুন্যপদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের (নিজ নিজ) নোটিশ বোর্ডে এবং সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুর এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইট (http://cs.faridpur.gov.bd) এ পাওয়া যাবে। |
| ১০ | | নিয়োগের ক্ষেত্রে সরকারের পরিচালিত বিধি-বিধান,কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করতে হবে। |
| | | কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন আদেশ নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১, তারিখঃ ২৩ জুলাই ২০২৪ মোতাবেক সকল গ্রেডে নিম্নরূপভাবে নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে (ক) মেধাভিত্তিক-৯৩%; (খ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের জন্য-৫%; (গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী-১%; এবং (ঘ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য-১%। |
| ১১ | | প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্নিত স্থায়ী ঠিকানা যদি ইত:পূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্নিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয় পত্র ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। |
| ১২ | | প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য গোপন/ অসত্য/ মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ের প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ১৩ | | কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন। |
| ১৪ | | আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। |
| ১৫ | | অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ঃ<br>পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (http://csfaridpur.teletalk.com.bd) ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। |
| | ক) | • অনলাইন এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৭/০২/২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা।<br>• অনলাইন এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৪/০৩/২০২৫ খ্রি.তারিখ রাত ১২.০০ঘটিকা।<br>• উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইন এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। |
| | খ) | অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে। |
| | গ) | অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইন এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। |
| | ঘ) | প্রার্থী অনলাইন এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। |
| | ঙ) | SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষা ফি প্রদানঃ<br>অনলাইন এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s copy পাবেন। উক্ত Applicant`s copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। Applicant`s copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তিতে User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ গ্রেড-১৪ হইতে ১৬ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (সার্ভিস ফি সহ) বাবদ ১২/- (বারো) টাকা সহ মোট (অফেরতযোগ্য) ১১২/- (একশত বারো) টাকা এবং গ্রেড-১৭ হইতে ২০ পর্যন্ত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (সার্ভিস ফি সহ) বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ৫৬/-(ছাপ্পান্নো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষ ভাবে উল্লেখ্য, অনলাইন আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। |
| | **প্রথম এসএমএস:** | CSFARIDPUR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।<br>Example: CSFARIDPUR ABCDEF & Send to 16222.<br>Reply sms: Applicant`s Name, Tk.112/56 Will be charged as application fee. Your PIN is-12345678 To pay fee type CSFARIDPUR<space> Yes <space> PIN and send to16222 |
| | **দ্বিতীয় এসএমএস:** | CSFARIDPUR<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।<br>Example: CSFARIDPUR YES12345678.<br>Reply sms: Congratulations! Applicant`s Name, payment completed successfully for CSFARIDPUR Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxxxxx) |

| | | |
|---|---|---|
| | চ) | প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http://csfaridpur.teletalk.com.bd) অথবা (http://cs.faridpur.gov.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল (http://alljobs.query@teletalk.com.bd) এ সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। |
| | ছ) | SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। |
| | জ) | শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন। |

| | |
|---|---|
| • User ID জানা থাকলে: | CSFARIDPUR<space>Help<space>User<space>User ID&send to16222<br>Example: CSFARIDPUR Help User ABCDEF |
| • PIN Number জানা থাকলে: | CSFARIDPUR<space>Help<space>PIN<space>PIN Number&send to16222<br>Example: CSFARIDPUR Help PIN 12345678 |

| | | |
|---|---|---|
| | ঝ) | বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আইএমই বিভাগের ওয়েবসাইট (http://cs.faridpur.gov.bd) এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যানের মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.Teletalk.com.bd/csfaridpur ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার সময়, তারিখ ও অন্যান্য তথ্য https://.cs.faridpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। |
| | ঞ) | অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা faridpur@cs.dghs.gov.bd; ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name:CSFARIDPUR.Post Name:***, Applicant`sUser IDও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। |
| | ট) | ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। |
| ১৬ | | প্রাথমিক ভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবল মাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যায়ন সরকারি ১ম শ্রেণির কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে। |
| ১৭ | | মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/ প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে: |
| | ক) | সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/ প্রত্যয়নপত্র / অনুমতিপত্র / অভিজ্ঞতার সনদপত্র। |
| | খ) | জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ। |
| | গ) | জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদপত্র। |
| | ঘ) | আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি। |
| | ঙ) | ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। |
| | চ) | মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/ প্রমানক। |
| | ছ) | মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। |
| | জ) | ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র। |
| | ঝ) | শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র। |
| | ঞ) | প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতার প্রমাণস্বরুপ সনদপত্র। |
| | ট) | বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক প্রত্যয়নপত্র। |
| | ঠ) | ডাউনলোডকৃত Applicant`s Copy & Admit Card এর রঙ্গিন প্রিন্ট কপি। |
| ১৮ | | অনলাইন এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৯ | | প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| ২০ | | সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের কার্যালয় কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করা হবে। ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে। |
| ২১ | | যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। |

***** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

(ডাঃ মাহমুদুল হাসান)
কোড নং ১১৪৭৫৮
সিভিল সার্জন, ফরিদপুর।
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেড (পূর্বতন ৩য়-৪র্থ শ্রেণি)
জনবল নিয়োগ কমিটি, ফরিদপুর।